

UG 5th Semester Examination 2021

Bengali (General)

Paper Code : DSE-1

[CBCS]

Time : Two hours

Full Marks : 32

যে কোনো একটি গুচ্ছের সব প্রশ্নের উত্তর লিখতে হবে।

দক্ষিণ পার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের পূর্ণমান নির্দেশক।

নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও।

DSE-1A (গুচ্ছ – ক) ছোটোগল্প

বিভাগ – অ

১। রবীন্দ্রনাথ ঠাকুরের ‘পোস্টমাস্টার’ গল্পটি কোন পত্রিকায় প্রকাশিত হয়েছিল? গল্পটির প্রকাশকাল

উল্লেখ করো। গল্পটিতে রতন চরিত্রের ক্রমবিকাশ পর্যালোচনা করো।

১+১+৬=৮

অথবা

রবীন্দ্রনাথ ঠাকুরের ‘শাস্তি’ গল্পে ভূমিহীন দরিদ্র চাষিদের উপর জমিদার শ্রেণির শোষণের যে ছবি চিত্রিত

হয়েছে তা আলোচনা করো।

৮

২। ‘সুভা’ গল্পে মূক কন্যা সুভার প্রকৃতি এবং মনুষ্যতর প্রাণীর সঙ্গে একাত্মতার যে ছবি পরিস্ফুট

হয়েছে, তা নিজের ভাষায় আলোচনা করো।

৮

অথবা

রবীন্দ্রনাথ ঠাকুরের ‘হালদার গোষ্ঠী’ গল্পের বনোয়ারীলাল চরিত্রটি পর্যালোচনা করো।

৮

বিভাগ – আ

৩। প্রভাতকুমার মুখোপাধ্যায়ের লেখা ‘দেবী’ গল্পে সামাজিক কুসংস্কারের ফলে দাম্পত্য প্রেমের

সংকটের যে চিত্র পাওয়া যায় তা আলোচনা করো।

৮

অথবা

“শিশুদের শিক্ষা দান সহজ কাজ নয়...”

- উদ্ধৃতাংশটি কার লেখা, কোন গল্পের অংশ? উক্ত গল্পে শিশুদের শিক্ষাদানের যে প্রকৃত পদ্ধতির কথা বলা হয়েছে তা বিশ্লেষণ করো।

১+১+৬=৮

৪। আশাপূর্ণা দেবীর লেখা ‘তাসের ঘর’ গল্পে কীভাবে একটি মিথ্যা রটনা সত্য বলে প্রতিষ্ঠিত হয়েছিল তা আলোচনা করো।

৮

অথবা

স্মৃতিমেদুর প্রেমের গল্প হিসেবে শীর্ষেন্দু মুখোপাধ্যায়ের ‘খগেনবাবু’ গল্পের সার্থকতা বিচার করো।

৮

DSE-1A (গুচ্ছ খ) উপন্যাস ও রবীন্দ্র কবিতা

বিভাগ – অ

১। হরপ্রসাদ শাস্ত্রীর লেখা ‘বেণের মেয়ে’ উপন্যাসে প্রাচীন বাংলাদেশের বৌদ্ধ ধর্মের যে চিত্র উপস্থাপিত হয়েছে তা সংক্ষেপে আলোচনা করো। ৮

অথবা

হরপ্রসাদ শাস্ত্রীর ‘বেণের মেয়ে’ উপন্যাসে তৎকালীন সমাজের যে প্রতিচ্ছবি লক্ষিত হয় তা আলোচনা করো। ৮

২। হরপ্রসাদ শাস্ত্রীর ‘বেণের মেয়ে’ উপন্যাসে রাজকুমারী মায়া চরিত্রটির গুরুত্ব বিচার করো। ৮

অথবা

হরপ্রসাদ শাস্ত্রীর ‘বেণের মেয়ে’ কোন শ্রেণির উপন্যাস তা বিচার করো। ৮

বিভাগ - আ

৩। ‘সুরদাসের প্রার্থনা’ কবিতায় কবিচিত্ত মূর্ত ও অমূর্ত সৌন্দর্য সন্ভোগের দ্বন্দ্ব যেভাবে ক্রমাগত আন্দোলিত হয়েছে তা আলোচনা করো। ৮

অথবা

‘মেঘদূত’ কাব্যের রচয়িতা কে? উক্ত কাব্যটির অন্তর্নিহিত তত্ত্ব রবীন্দ্রনাথ ঠাকুরকে কতোটা প্রভাবিত করেছিল আলোচনা করো। ১+৭=৮

৪। ‘দুই বিঘা জমি’ কবিতায় জমিদারতন্ত্রের শোষণের ছবি কীভাবে ফুটে উঠেছে আলোচনা করো। ৮

অথবা

বর্তমান সময়ের নিরিখে রবীন্দ্রনাথ ঠাকুরের লেখা ‘দীনদান’ কবিতাটির প্রাসঙ্গিকতা বিচার করো। ৮
